

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/০৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং- ১৩৬-আইন/২০১৪/২৫০০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাধীন কলাম (2) তে বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত উপকরণকে উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক হইতে, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় সম্পূরক শুল্ক, যদি থাকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিলঃ

**TABLE**

Heading (1)	H.S. Code (2)	Description (3)
72.29	7229.90.00	Mooring wire
84.24	8424.10.00	Fire fighting equipment
85.26	8526.10.00	Navigation equipment
85.27	8527.19.00	Radio broadcasting equipment used in ship.

## শর্ত

- (১) আমদানিকারক প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত সমুদ্রগামী অথবা অভ্যন্তরীণ পণ্যবাহী অথবা যাত্রীবাহী জাহাজ অথবা ড্রেজার প্রস্তুতকারী প্রতিষ্ঠান হইতে হইবে;
- (২) আমদানিকৃত উপকরণ শুধু নিবন্ধিত সমুদ্রগামী অথবা অভ্যন্তরীণ পণ্যবাহী অথবা যাত্রীবাহী জাহাজ অথবা ড্রেজার প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করিতে হইবে এবং এই মর্মে আমদানিকারক কর্তৃক ৩ (তিন) শত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প পরিশিষ্ট-১ অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে;
- (৩) প্রতিটি জাহাজ অথবা ড্রেজার নির্মাণে আমদানিকৃত উপকরণ কি পরিমাণে ব্যবহৃত হইয়াছে উহা উপকরণ খালাসের ১ (এক) বৎসরের মধ্যে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (BUET) এর Naval Architect & Marine Department এর একজন বিশেষজ্ঞের (expert) লিখিত মতামত গ্রহণপূর্বক উক্ত মতামত প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশনকে লিখিতভাবে মতামতের মূল কপিসহ অবহিত করিতে হইবে এবং এই ক্ষেত্রে প্রযোজ্য চার্জ/ফি সহ সকল ব্যয় আমদানিকারককে বহন করিতে হইবে; এবং
- (৪) শর্ত (৩) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত উপকরণ আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক সমুদ্রগামী অথবা অভ্যন্তরীণ পণ্যবাহী অথবা যাত্রীবাহী জাহাজ অথবা ড্রেজার প্রস্তুতে আংশিকভাবে ব্যবহৃত হইয়াছে বা ব্যবহৃত হয় নাই তাহা হইলে প্রযোজ্য হারে শুল্ক কর এবং অর্থদণ্ড বা জরিমানা আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

## পরিশিষ্ট-১

অঙ্গীকারনামা  
[শর্ত (২) দ্রষ্টব্য]

আমি \_\_\_\_\_ (নাম) মালিক/প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স \_\_\_\_\_ (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আমার প্রতিষ্ঠানটি বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর ..... )। আমি ঋণপত্র নং \_\_\_\_\_, তারিখ : \_\_\_\_\_, ইনভয়েস নং \_\_\_\_\_ তারিখ : \_\_\_\_\_, বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং \_\_\_\_\_ তারিখ : \_\_\_\_\_ এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ পণ্যবাহী/যাত্রীবাহী জাহাজ/ড্রেজার প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করিব এবং উহার কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর পরিশোধ ছাড়াও Customs Act, 1969 এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তিমূলক ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিব।

তারিখ :

স্বাক্ষর : .....  
মালিক/প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালকের  
নাম : .....  
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : .....

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ নাসির উদ্দিন)

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।